

## সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নম্বরঃ ১৪০৯

১৪/ দিয়াত বা রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৪. অঙ্গচ্ছেদন (মুসলা) করা নিষেধ

باب مَا جَاءَ فِي النَّهْيِ عَنِ الْمُثْلَةِ،

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، حَدَّثَنَا خَالِدٌ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيِّ، عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِنْ اللَّهَ كَتَبَ الْإِحْسَانَ عَلَى كُلِّ شَيْءٍ فَإِذَا قَتَلْتُمْ فَأَحْسِنُوا الْقِتْلَةَ وَإِذَا ذَبَحْتُمْ فَأَحْسِنُوا الذَّبْحَةَ وَلْيُحِدِّ أَحَدُكُمْ شَفْرَتَهُ وَلْيُرِحْ ذَبِيحَتَهُ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . أَبُو الْأَشْعَثِ الصَّنْعَانِيُّ اسْمُهُ شَرْحَبِيلُ بْنُ آدَةَ .

বাংলা

১৪০৯। শাদ্দাদ ইবনু আওস (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয়ই আল্লাহ তা'আলা প্রতিটি জিনিসের প্রতি দয়া-অনুগ্রহ প্রদর্শনের আবশ্যকতা গণ্য করেছেন। অতএব তোমরা (কিসাসে অথবা জিহাদে) কোন লোককে হত্যা করলে উত্তম পন্থায় হত্যা করবে এবং কোন কিছু যবেহ করার সময় উত্তম পন্থায় যবেহ করবে। তোমাদের মধ্যে যে কেউ যেন তার ছুরি ভালভাবে ধারালো করে নেয় এবং যবেহ করার পশুটিকে আরাম দেয়। সহীহ, ইবনু মা-জাহ (৩১৭০), মুসলিম

এ হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন। আবুল আশআস-এর নাম শারাহীল, বাবার নাম আ-দাহ্।

## English

Narrated Shaddad bin Aws:

that the Prophet (ﷺ) said: "Indeed Allah has decreed Ihsan in everything. So when you kill, then do the killing well, and when you slaughter, then do the slaughtering well. Let one of you sharpen his blade, and let him comfort his animal (before slaughtering)."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=40232>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন